গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের সভা

সভাপতি : জনাব আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক (গ্রেড- ১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৪ জুন ২০২১
সময় : সকাল ০৯:৩০ ঘটিকা
জুম আইডি : 7411058600
পাসকোড : dpeimd

**আলোচ্য বিষয়:**

১। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ে গৃহীত পদক্ষেপ ও অগ্রগতি পর্যালোচনা;
২। আঞ্চলিক/দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ;
৩। বিবিধ।

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত।

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভা শুরু করা হয়। সভায় পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনার জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দেন। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ, সকল বিভাগীয় উপপরিচালক, জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ ও প্রধান শিক্ষকসহ মোট ৩২১ জন জুম অ্যাপস এ সংযুক্ত হন। সভায় বিভাগীয় উপপরিচালকগণ স্ব-স্ব বিভাগের কার্যক্রম তুলে ধরেন। সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ে গৃহীত পদক্ষেপ ও অগ্রগতি পর্যালোচনা; | মাঠ পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তরসমূহে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। বিভাগীয় উপপরিচালকগণ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে স্ব স্ব দপ্তর/সংস্থা তাঁদের কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রমসমূহ বাস্তবায়ন অব্যাহত রেখেছেন। বিভাগীয় উপপরিচালকগণ আরও জানান যে, দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়ে বিগত ১৭ জুন/২০২১ তারিখ পরিচালক (প্রশাসন) এর সাথে জুম সভা অনুষ্ঠিত হয়েছে। সভার নির্দেশনা মোতাবেক নতুন বছরের দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ওয়েব সাইটে আপলোড ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>সভায় বিভাগীয় উপপরিচালক ময়মনসিংহ জানান যে, কর্মপরিকল্পনার আলোকে তাঁর বিভাগে সভা/সমাবেশ/ পরিদর্শন কার্যক্রমগুলো সমাপ্ত হয়েছে। এছাড়া কোভিড-১৯ পরিস্থিতিতে শিশুদের যোগ্যতা অর্জনে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ঘরে বসে শিখি, গুগলমিটে ক্লাস, বাড়ির কাজ প্রদান, স্বাস্থ্যবিধি মেনে চলতে বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভায় মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানান যে, শুদ্ধাচার পুরস্কারের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণ করে মাঠ পর্যায় থেকে ৯ জন কর্মচারীকে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২ জন কর্মচারীকে ইতোমধ্যে পুরস্কার প্রদান করা হয়েছে। তিনি কর্মকর্তা-কর্মচারীদের ভালো কাজে উৎসাহী হতে এবং সরকারি বিধি-বিধান মেনে নিজেদের উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে অনুরোধ করেন। একই সাথে তিনি যে সকল কর্মকর্তা/কর্মচারী জনগণ তথা শিক্ষকদের হয়রানি করছেন, সেবা সহজ করার পরিবর্তে কালক্ষেপণ করে থাকেন তাদের শাস্তি প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান। কাজের গতিশীলতা আনয়নে তিনি দীর্ঘদিন একই কর্মস্থলে থাকা কর্মচারীদের অন্যত্র বদলি করার বিষয়ে গুরুত্বারোপ করেন। এ সংক্রান্ত একটি নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দেশের এ আপদকালীন সময়ে বিভাগীয় উপপরিচালকগণকে তাঁর বিভাগে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে যে সব নির্দেশনা দেয়া হচ্ছে তা বাস্তবায়ন এবং মনিটরিং কার্যক্রম জোরদার করণে গঠনমূলক উদ্যোগ নিতে অনুরোধ জানান। | দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় করোনাকালীন সময়ে শিশুদের পড়ালেখা চালিয়ে নেয়া এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক এমন কার্যক্রম গ্রহণ এবং নির্দিষ্ট সময়ের মধ্যে তা বাস্তবায়ন করতে হবে। এছাড়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত নির্দেশনা ফলোআপ/ মনিটরিং করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| ২ | আঞ্চলিক/দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ; | সভায় বিভাগীয় উপপরিচালকগণ জানান যে, তাঁরা বিগত ১৭/০৬/২০২১ তারিখের ফিডব্যাক সভার আলোকে ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করে ৩০ জুনের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করবেন। | আগামী ৩০ জুন/২০২১ তারিখ এর মধ্যে ৪র্থ ত্রৈমাসিক প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

৩। বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করেন।


আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
মেইল নং-dgprimarybd@gmail.com
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪


স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২০২০-১৭১ তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৮ / ৩০ জুন, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি),প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য)।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।


মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক (সংস্থাপন)
ddestabdpe@gmal.com
ফোন: ০২-৫৫০৭৪৯২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd.co

## অনলাইনে জুমে অনুষ্ঠিত গণশুনানি

শুনানি গ্রহণকারি : জনাব আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক (গ্রেড- ১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তারিখ : ২৪ জুন ২০২১
সময় : সকাল ১০:৩০ ঘটিকায়
জুম আইডি : 7411058600
পাসকোড : dpeimd

গণশুনানিতে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সকলকে যথাসময়ে সংযুক্ত হওয়ায় ধন্যবাদ জানান। গণশুনানিতে অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ, বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/পিটিআই সুপারিনটেনডেন্ট, জনপ্রতিনিধি, বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক ও অভিভাবক কমিটির সদস্য, অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীসহ প্রায় ৪৭১ জন অংশগ্রহণ করেন। পরিচালক (প্রশাসন) শুদ্ধাচারের আওতায় গৃহিত কার্যক্রমগুলো সম্পর্কে অংশীজনকে অবহিত করেন। যেহেতু, দেশে কোভিড-১৯ এর প্রভাব বৃদ্ধি পেয়েছে সেহেতু, স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকলকে স্ব স্ব ক্ষেত্রে দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে অনুরোধ জানান।

শুনানির শুরুতেই মহাপরিচালক, প্রাথামিক শিক্ষা অধিদপ্তর গভীর মনোযোগ সহকারে শিক্ষার্থীদের বক্তব্য শোনেন এবং তাদের খোঁজখবর নেন। এরপর পর্যায়ক্রমে তিনি এস, এম, সি, সভাপতি/সদস্য ,শিক্ষকমন্ডলী ও কর্মকর্তাগণের বক্তব্য শোনেন এবং যথাসম্ভব তাৎক্ষনিক সমাধানের নির্দেশনা প্রদান করেন। শুনানিতে উল্লেখযোগ্য বিষয়গুলো নিম্নরুপ:

| ক্রমিক নম্বর | শুনানিতে অংশগ্রহণকারীদের নাম, পদবী ও ঠিকানা | শুনানির বিষয়বস্তু | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | *বুশরা আমিন, (শিক্ষার্থী) ৫ম শ্রেণি, ১০৬ নং রামদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কাশিয়ানি, গোপালগঞ্জ<br><br>*ওলিদ বিন হান্নান, (শিক্ষার্থী) ৪র্থ শ্রেণি, দক্ষিণ পারতেখুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শাজাহানপুর, বগুড়া,<br><br>*শ্রী নন্দী, (শিক্ষার্থী), ৫ম শ্রেণি, ইন্সটিটিউট সরকারি প্রাথমিক বিদ্যালয়, যশোর সদর যশোর | শিক্ষার্থী বুশরা আমিন ও অন্যান্য শিক্ষার্থীরা মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে গুগলমিটে ক্লাস করার অভিজ্ঞতা বর্ণনা করে। শিক্ষার্থীরা তাদের বক্তব্যে জানায় যে, তারা প্রতিদিন দুপুর ১২.০০ থেকে ক্লাসে প্রবেশ করে বাংলা, ইংরেজী, সমাজ বিষয়ে পড়াশুনা করে এছাড়া ওয়ার্কসীটের মাধ্যমে নিয়মিত অনুশীলন করে শিক্ষকদের কাছে বাড়ির কাজ জমা দিচ্ছে। শিক্ষার্থী মহপরিচালককে বিদ্যালয় খোলার জন্য অনুরোধ করলে মহাপরিচালক তাদের জানান যে ,অধিদপ্তর বিদ্যালয় খুলতে আগ্রহী এবং এজন্য প্রস্তুতি নেয়া হয়েছে। কিন্তু শিক্ষার্থী এবং অভিভাবকদের করোনা আক্রান্তের ঝুঁকি বিবেচনা করে সরকার কর্তৃক বিদ্যালয় পুনরায় খোলার সিদ্ধান্ত গৃহীত না হওয়ায় তাদের জন্য বিদ্যালয় খোলা সম্ভব হচ্ছে না। তবে তারা যেন বিদ্যালয় যতদিন খোলা না হচ্ছে ততদিন সংসদ টেলিভিশন, গুগলমিটে ক্লাসে অংশ গ্রহণ, ওয়ার্কশীটের মাধ্যমে বাড়ির কাজ সম্পন্ন এবং পাঠ্যপুস্তক নিয়মিত অধ্যয়নের মাধ্যমে লেখাপড়া যথাযথ ভাবে চালিয়ে | শিক্ষার্থীদের সংসদ টেলিভিশন, গুগলমিটে ক্লাসে অংশ গ্রহণ, ওয়ার্কশীটের মাধ্যমে বাড়ির কাজ সম্পন্ন এবং পাঠ্যপুস্তক নিয়মিত অধ্যয়নের মাধ্যমে লেখাপড়া যথাযথ ভাবে চালিয়ে নেয়া এবং পড়াশুনার পাশাপাশি চিত্রাংকন, আবৃত্তি, গান, খেলাধুলা ইত্যাদির চর্চা অব্যাহত রাখতে বিভাগীয় উপপরিচালক এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট ও উপজেলা শিক্ষা অফিসার পাঁচবিবি সংশ্লিষ্ট অভিভাবকের উপবৃত্তির অর্থ উত্তোলনের বিষয়টি নিশ্চিত করে মহাপরিচালককে অবহিত করবেন। |

২

| | | | |
|---|---|---|---|
| | *আর্জ দেওয়ান, (শিক্ষার্থী), ১৮ নং আড়পাড়া মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, মাগুড়া সদর মাগুড়া<br>*ইরাত আহমেদ, (শিক্ষার্থী), ৫ম শ্রেণি ইকরাদীঘি সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাঁচবিবি, জয়পুরহাঁট | নেয়। পড়াশুনার পাশাপাশি তাদেরকে চিত্রাংকন, আবৃত্তি, গান, খেলাধুলা ইত্যাদির চর্চা অব্যাহত রাখতে পরামর্শ দেন।<br><br>শিক্ষার্থী ইরাত আহমেদ, তার বক্তব্যে জানায় যে, তার মাতা ৪র্থ কিস্তির উপবৃত্তির অর্থ উত্তোলন করতে পারেনি। এ বিষয়ে জরুরি ব্যবস্থা নিতে কর্তৃপক্ষকে অনুরোধ করে। | |
| ২ | জনাব মজিবুর রহমান, সহকারি শিক্ষক, রামলালদাস সরকারি প্রাথমিকবিদ্যালয়, কিশোরগঞ্জ | শিক্ষক তাঁর বক্তব্যে বলেন উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক তিনি সকল কাজ যথা সময়ে সম্পাদন করছেন। শিশুদের গুগলমিটে ক্লাস করানো হচ্ছে। এছাড়া বাড়ির কাজ নিয়মিত দেয়া ও নেয়া হচ্ছে। | মহাপরিচালক, সকল শিক্ষককে মন্ত্রণালয়/অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক কার্যক্রমগুলো আন্তরিকভাবে পালন করায় ধন্যবাদ দেন এবং শিশুদের লেখাপড়া ও স্বাস্থ্যের নিয়মিত খোঁজ- খবর নিতে পরামর্শ দেন। |
| ৩ | জনাব শাহিন আলম মাসুদ, সহকারী শিক্ষক, বালিয়াকান্দি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাজবাড়ি | শিক্ষক তাঁর বক্তব্যে জানান যে, তাঁর বিদ্যালয়ে ৪টি মাত্র কক্ষ ও ১টি জরাজীর্ণ ভবন আছে। কক্ষ সংকটের কারনে শ্রেণি পাঠদানে সমস্যার সৃষ্টি হয়। তিনি বিদ্যালয়ে উর্দ্ধমূখী সম্প্রসারনের অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, অনেক অভিভাবক নগদ একাউন্ট সময়মত না খোলার কারনে মেসেজ সম্পর্কে অবহিত হন না ফলে উদ্বিগ্ন থাকেন। সে জন্য অভিভাবকদের একটি অবহিতকরণ সভার আয়োজন করার অনুরোধ জানান। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, বিদ্যালয়টি পরিদর্শন করে ১৮ কলামের তথ্য ছক পুরণ করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন এবং নগদের অর্থ উত্তোলনে অভিভাবকদের সচেতন করতে সহকারি উপজেলা শিক্ষা অফিসার শিক্ষকদের মাধ্যমে অভিভাবকদের অবহিতকরণের ব্যবস্থা নিতে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। |
| ৪ | এস, এম, সি সভাপতি, হালিশহর হাউজিং এস্টেট সরকারী প্রাথমিক বিদ্যালয়, হালিশহর, চট্টগ্রাম | সভাপতি সাহেব তাঁর বক্তব্যে জানান যে, পহাড়তলী, চট্টগ্রামের সকল প্রাথমিক বিদ্যালয়ের ম্যানিজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় শিক্ষা বিভাগের কর্মকর্তাগণ এডহক কমিটি গঠনের উদ্যোগ নিয়েছেন। তিনি জানান যে, বর্তমান সভাপতিগণ বিদ্যালয়ের উন্নয়নে অর্থ অনুদানসহ সার্বক্ষনিক দেখাশুনা করছেন। একজন সহকারি উপজেলা শিক্ষা অফিসার, এর পক্ষে সমস্ত এলাকার বিদ্যালয় সমূহ দেখাশুনা করা সম্ভব নয়। এছাড়া সভাপতিগণ স্থানীয় হওয়ায় কোভিড-১৯ পরিস্থিতিতে বিদ্যালয় বন্ধ থাকলেও বিদ্যালয়ের স্থাবর ও অস্থাবর সম্পদসমূহ রক্ষণাবেক্ষন সহজতর। তিনি তাঁর বক্তব্যে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে কোভিড-১৯ বিবেচনা করে কমিটির মেয়াদ বৃদ্ধি অথবা সভাপতিদের | বিদ্যালয়ের সভাপতির বক্তব্যের আলোকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম জানান যে, কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় এডহক কমিটি গঠনের উদ্যোগ নেয়া হয়। এ বিষয়ে মহাপরিচালক জানান যে, চট্রগ্রাম জেলার বেশির ভাগ এস.এম.সি. এর সভাপতি বিদ্যালয়ের প্রতি অধিক যত্নশীল এবং বিদ্যালয়ের উন্নয়নে শ্রম ও অর্থ ব্যয় করে থাকেন যা তিনি পরিদর্শনের সময় অবলোকন করেছেন। সেক্ষেত্রে বিদ্যালয়গুলোর নিরাপত্তা ও সম্পদ সংরক্ষণে কমিটির মেয়াদ বৃদ্ধি অথবা নীতিমালার সাথে |

| | | | |
|---|---|---|---|
| | | দায়িত্ব প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান। | সংগতি রেখে একটি প্রস্তাবনা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রামকে প্রেরণের জন্য নির্দেশনা দেন। |
| ৫ | জনাব আ: বাসেত, ম্যানেজিং কমিটির সভাপতি, উচরং সরকারি প্রাথমিক বিদ্যালয়, শেরপুর, বগুড়া | সভাপতি সাহেব তাঁর বক্তব্যে জানান যে, তিনি নিয়মিত বিদ্যালয়ে গমন করেন এবং তাঁর বিদ্যালয়ে ইতোমধ্যে ৪র্থ সপ্তাহের বাড়ির কাজ প্রদান করা হয়েছে। শিশুরা অত্যন্ত মনোযোগ সহকারে লেখাপড়া অব্যাহত রেখেছে। এছাড়া গুগলমিটে ক্লাস পরিচালনা করা হচ্ছে। | মহাপরিচালক, সভাপতি সাহেবকে ব্যক্তিগত উদ্যোগের জন্য সন্তোষ প্রকাশ করেন এবং ধন্যবাদ জানিয়ে শিশুদের লেখাপড়া ও স্বাস্থ্য সুরক্ষায় ভূমিকা রাখতে অনুরোধ জানান। |
| ৬ | প্রধান শিক্ষক, নসরতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বালাগঞ্জ, সিলেট | শিক্ষক তাঁর বক্তব্যে জানান যে, কিছু কিছু উপজেলার শিক্ষকগণ ১০ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড পেলেও তিনি বা তাঁর উপজেলার শিক্ষকগণ পাননি। এছাড়া নগদে অর্থ বিতরণে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে অনেকের হিসাব নম্বরে অর্থ পরিশোধ হয়নি। অনেকের টাকার পরিমান কম বা বেশী হয়েছে। এ অসংগতি নিরসনে তিনি মহাপরিচালকের হস্তক্ষেপ কামনা করেন। | শিক্ষকের বক্তব্যের প্রেক্ষিতে তথ্য সংগ্রহ করে কার্যকরী ব্যবস্থা নিতে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট ও বিভাগীয় উপপরিচালক সিলেটকে দ্রুত ব্যবস্থা নিয়ে অবহিত করতে মহাপরিচালককে নির্দেশনা দেন। |
| ৭ | জনাব আশরাফ হোসেন, এস.এম.সি. সভাপতি, মোফাজ্জল হোসেন সরকারি প্রাথমিক বিদ্যালয়, বরিশাল | সভাপতি সাহেব তাঁর বক্তব্যে জানান যে, তাঁর বিদ্যালয়ের মাঠ নীচু হওয়ায় প্রায়ই পানি জমে থাকে তিনি মাটি ভরাটের অনুরোধ জানান। | বিভাগীয় উপপরিচালক ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করবেন। |
| ৮ | বিভাগীয় উপপরিচালক, ঢাকা | বিভাগীয় উপপরিচালক, ঢাকা তাঁর বক্তব্যে জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। তিনি জনবলের শূণ্যপদ পুরনে যথাযথ ব্যবস্থা নিতে মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করেন। | ইতোমধ্যে শূণ্যপদ সমূহ পুরনের ব্যবস্থা নেয়া হচ্ছে। কোভিড-১৯ পরিস্থিতি সকল কর্মকর্তাকে তাঁদের দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে এবং বিভাগীয় উপপরিচালকগণকে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য মহাপরিচালককে অনুরোধ জানান। |

৯। মহাপরিচালক, শিক্ষার্থীদের পড়াশুনার পাশাপাশি সৃজনশীল কাজে (যেমন বৃক্ষরোপন/পরিচর্যা, বাড়ির বিভিন্ন কাজে অংশগ্রহণ, পরিস্কার-পরিচ্ছন্ন থাকা ও স্বাস্থ্যবিধি মেনে চলা, নাচ, গান, আবৃতি, চিত্রাংকন চর্চা) মনোযোগী হতে পরামর্শ দেন। শিক্ষকগণকে গ্রেডের জটিলতা নিয়ে হতাশাগ্রস্থ না হতে অনুরোধ করেন। তিনি শিক্ষকদের বেতন স্কেল/গ্রেড উন্নয়নের বিষয়গুলো উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে কাজ করে যাচ্ছেন মর্মে অবহিত করেন। এছাড়া তিনি বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি/সদস্যগণকে বিদ্যালয়ের উন্নয়নে কাজ করে যেতে অনুরোধ করেন। তিনি প্রাথমিক শিক্ষা বিভাগের সকল কর্মকর্তাকে দায়িত্ব পালনে আন্তরিক হতে অনুরোধ জানান।

১০। পরিশেষে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর শুনানির বিষয়গুলো পর্যালোচনা পূর্বক সংশ্লিষ্ট লাইন ডিভিশনের পরিচালকগণকে তা দ্রুত নিস্পত্তির অনুরোধ জানান এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তা দ্রুততার সাথে বাস্তবায়নের উদ্যোগ নিতে নির্দেশনা প্রদান করে গণশুনানির কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

৩০/৬/২১

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড- ১)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
dgprimarybd@gmail.com

স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.০০৬.০৩.২০২০-১৭২

তারিখ: ১৮ আষাঢ়, ১৪২৮ / ২৯ জুন, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি),প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধ করা হলো।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল জেলা), প্রাথমিক শিক্ষা।
৭। অফিস কপি।

৩০/৬/২১

মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক (সংস্থাপন)
ফোন নং: ০২-৫৫০৭৪৯২৩
ই-মেইল-ddestabdpe@gmal.com